গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**"অধিকার, সমতা, ক্ষমতায়ন নারী ও কন্যার উন্নয়ন"**

**বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জানুয়ারি/২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী:-**

সভাপতি : জনাব মমতাজ আহমেদ, এনডিসি
সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

তারিখ ও সময় : ২৭/০১/২০২৬ মঙ্গলবার, সাকল ১১:০০ ঘটিকা।

স্থান : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ।

আসন্ন ত্রয়োদশ জাতীয় নির্বাচনে গণভোটে মহিলা ভোটারদের শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণ ও জাতীয় নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্নের নির্দেশনা মোতাবেক সকলকে একত্রে কাজ করার জন্য উপস্থিত সকলকে আহবান জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর ডিসেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় সংশোধনীসহ সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সৃষ্টিশীল, নাগরিক-বান্ধব মানসিকতা নিয়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার পরিকল্পনা প্রণয়ন এবং একই সাথে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন | সংস্কার পরিকল্পনা প্রণয়ন এবং স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। সভাকে অবহিত করা হয় যে, এ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রয়েছে।<br><br>(ii) সভাকে জানানো হয়, নারী সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়নের জন্য কমিটির প্রজ্ঞাপন হয়েছে এবং সকল তথ্য সংগ্রহ করা হয়েছে। পূর্বের এবং নতুন সংস্কার কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য খসড়া তৈরির কাজ শীঘ্রই শেষ হবে। তারপর আনুষ্ঠানিক সভা আহবান করা হবে। | (i) স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।<br><br>(ii) মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ অনুযায়ী স্থায়ী নারী সংস্কার কমিশন গঠন করতে হবে এবং পূর্বের এবং নতুন সংস্কার কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য দপ্তর/সংস্থা/একাডেমির প্রতিনিধির সমন্বয়ে সভা করে একটি কমিটি তৈরি করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। |
| ২. | সমন্বয় সভা | (ক) কার্যপত্র তৈরি করার জন্য প্রত্যেক শাখাকে সংশ্লিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং দপ্তর/সংস্থা/একাডেমির সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সুনির্দিষ্ট তথ্য সমন্বয় শাখায় প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) কার্যপত্র তৈরি করার জন্য প্রত্যেক শাখা হতে শাখা সংশ্লিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং দপ্তর/সংস্থা/একাডেমির সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জানস)। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | (ক) এ টু আই (a2i) থেকে প্রাপ্ত ড্যাশবোর্ড তথ্য অনুযায়ী -<br>• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়- ৯৮.৩৯%।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরের ডি-নথি কার্যক্রমের শতকরা হার- ১০০%।<br>• বাংলাদেশ শিশু একাডেমি- ৯৮.৩৩%।<br>• জাতীয় মহিলা সংস্থা- ৯৭.৬৬%।<br>• জয়িতা ফাউন্ডেশন- ৯৭.০৬%।<br><br>সকল শাখার ডি নথির কার্যক্রম ধারাবাহিকভাবে সভায় তুলে ধরা হয়। মন্ত্রণালয়ের কার্যক্রম ৯৮.৩৯% হওয়ায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। যে সকল শাখার কার্যক্রম কমপক্ষে ৯৫% এর কম সে সকল শাখাকে পরবর্তী মাস থেকে ডি-নথির মাধ্যমে নথি নিষ্পত্তি করে কার্যক্রম ৯৫% এর উপরে বাড়ানোর জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ক) ডি-নথিতে নূন্যতম ৯৫% কার্যক্রম থাকতে হবে। ডি-নথির কার্যক্রম ৯৫% এর কম হলে মন্তব্যের কলামে ৯৫% এর কম হওয়ার কারণ উল্লেখ করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জামস)। |
| | | (খ) সভাকে অবহিত করা হয় যে, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর অর্গানোগ্রাম এখনো অনুমোদন না হওয়ায় ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে করা যাচ্ছে না। সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত কার্যক্রমটি সম্পন্ন করার জন্য নির্দেশনা দেন। | (খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে অন্তর্ভূক্তির বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | (খ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, ও সংশ্লিষ্ট শাখা, মশিবিম। |
| ৪. | পরিদর্শন। | (ক) **শাখা/অধিশাখা পরিদর্শন**:<br>ডিসেম্বর-২০২৫ মাসে –<br>• সহকারী সচিব (সমন্বয়) সংশ্লিষ্ট শাখা পরিদর্শন করেন।<br><br>নিয়মিত নির্দিষ্ট সময় অন্তর শাখা/অধিশাখা পরিদর্শন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ সমূহ একত্রিত করে বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে।<br><br>প্রত্যেক কর্মকর্তাকে নিজ দায়িত্বে নির্দিষ্ট সময় অন্তর তাদের শাখা/অধিশাখা পরিদর্শনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) অধিশাখা ও শাখা প্রধানগণ সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী নিয়মিত নির্দিষ্ট সময় অন্তর শাখা পরিদর্শন করবেন এবং শাখা পরিদর্শন শেষে প্রতিবেদন সিনিয়র সচিব ও অতিরিক্ত সচিব (প্রশাসন) বরাবর দাখিল করতে হবে। শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | (খ) মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকে আগামী ১১/০২/২০২৬ তারিখের পূর্বে মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন জেলা/উপজেলায় দপ্তর/সংস্থা/একাডেমি কর্তৃক পরিচালিত কার্যক্রম পরিদর্শন ও বিভিন্ন উপকারভোগীদের মাঝে গণভোট সংক্রান্ত সচেতনতামূলক প্রচারণার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (খ) মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকে আগামী ১১/০২/২০২৬ তারিখের পূর্বে মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন জেলা/উপজেলায় দপ্তর/সংস্থা/একাডেমি কর্তৃক পরিচালিত কার্যক্রম পরিদর্শন ও বিভিন্ন উপকারভোগীদের মাঝে গণভোট সংক্রান্ত সচেতনতামূলক প্রচারণা করতে হবে। | (খ) সকল কর্মকর্তা, মশিবিম, প্রশাসন-১ শাখা, মশিবিম। |
| ৫. | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/ একাডেমির অর্গ্রানোগ্রাম/সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ সংক্রান্ত। | (ক) সভাকে অবহিত করা হয় যে, 'সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ' বিষয়ে দপ্তর/সংস্থা/একাডেমি থেকে কর্মবন্টন প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্ত কাঠামো তৈরি করা হয়েছে। বিভিন্ন শাখা/অধিশাখা/উইং ভিত্তিক কর্মচারী বন্টনের কার্যক্রম চলমান রয়েছে। আগামী ১০ কর্মদিবসের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা যাবে। | (ক) মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম সংযোজন, সংশোধন ও পরিমার্জন করে উপস্থাপন করতে হবে। | (ক) প্রশাসন-১ শাখা, মশিবিম। |
| | | (খ) মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্গ্রানোগ্রাম অনুমোদনের বিষয়ে শাখার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ৪ ডিসেম্বর ২০২৫ ইং তারিখে ৩২৯ নং স্মারকের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (খ) মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | (খ) মহাপরিচালক (মবিঅ), সংশ্লিষ্ট শাখা (মবিঅ-১), মশিবিম। |
| | | (গ) জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, গত ০৩/০৬/২০২৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের যুগ্মসচিব কর্তৃক জাতীয় মহিলা সংস্থার রাজস্ব খাতে নতুন পদ সৃজন, সাংগঠনিক কাঠামো অনুমোদন, পদ আপগ্রেডেশন ইত্যাদি বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের যুগ্মসচিব এঁর পরামর্শ অনুযায়ী পদ আপগ্রেডেশনের নিমিত্ত কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গত ২৯/০৯/২০১১ তারিখ ২৬৯২টি (দুই হাজার ছয়শত বিরানব্বই) পদ শর্ত সাপেক্ষে রাজস্বখাতে সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়ার পর প্রশাসনিক মন্ত্রণালয় গত ০৭/১১/২০১৬ তারিখ, ৩২.০০.০০০০.০৩৮.১৫.০৩২.১০-১২৮ স্মারকে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা পদ সৃজনের জন্য প্রেরণ করেন। | (গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী সাংগঠনিক কাঠামো ও অগ্রানোগ্রাম প্রস্তুতপূর্বক জাতীয় মহিলা সংস্থাকে আগামী সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং জাতীয় মহিলা সংস্থাকে মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে একীভূত করতে মাননীয় উপদেষ্টার অনুমোদন নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (গ) নির্বাহী পরিচালক (জামস), জামস শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ঘ) এ বিষয়ে বাংলাদেশ শিশু একাডেমির প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ শিশু একাডেমির অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামো সংশোধন/পুনর্বিন্যাস এর জন্য অভ্যন্তরীণ একটি সভা অনুষ্ঠিত হয়েছে। কার্যক্রম চলমান রয়েছে। শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | (ঘ) বাংলাদেশ শিশু একাডেমির অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামো আগামী সমন্বয় সভার পূর্বে কার্যক্রম সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (ঘ) মহাপরিচালক (বাশিএ), শিশু শাখা, মশিবিম। |
| | | (ঙ) মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি ও জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে কার্যক্রম চালিয়ে যাচ্ছে।<br>এ সংক্রান্ত কমিটিতে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাকে সদস্য হিসেবে রাখার জন্য এবং কমিটিতে প্রয়োজনে সদস্য সংযোজন/বিয়োজন করে পুনরায় দ্রুত কার্যক্রম গ্রহণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ঙ) দপ্তর/সংস্থা একাডেমির অর্গানোগ্রামের বিষয়ে দপ্তর/সংস্থা/একাডেমির প্রধান এবং অর্গানোগ্রামের সাথে যুক্ত শাখার কর্মকর্তার সমন্বয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান থাকবে। | (ঙ) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখাসমূহ, মশিবিম। |
| | | (চ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রকল্প থেকে আগত জনবলকে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরে আত্তীকরণের কার্যক্রম চলমান রয়েছে।<br>জনবল আত্তীকরণের বিষয়ে হাইকোর্টের রায় বাস্তবায়নের জন্য পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি), জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের অনুমোদন প্রয়োজন।<br>মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি), জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে পত্র মারফত ইতিবাচক সম্মতি পাওয়া গিয়েছে। পরবর্তী কার্যক্রমের জন্য অর্থ বিভাগে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে।<br>এ বিষয়ে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (চ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয় প্রস্তাব (পদ সৃজন, সংরক্ষণ) প্রেরণ করতে হবে। | (চ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ও নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| ৬. | শূন্যপদে নিয়োগ | (ক)(i) সভাকে অবহিত করা হয় যে, প্রশাসনিক মন্ত্রণালয় থেকে ১৭/০৯/২০২৫ ইং তারিখের স্মারক নং-৩২.০০.০০০০.০০০.০১৮.৪৮.০০২৩.০২৫.৪৪৬ নং স্মারকের পত্রের নির্দেশনা অনুযায়ী ৫০ তম বিসিএস হতে নন-ক্যাডার (৯ম-১২ তম গ্রেড) শূন্য পদে নিয়োগের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের শূন্য পদের অধিযাচন এর তথ্য ৩০/০৯/২০২৫ ইং তারিখে ৭২৭ নং স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>প্রশাসন-১ শাখা হতে জানানো হয়েছে যে, এ বিষয়ে | (ক) (i) মহিলা বিষয়ক অধিদপ্তরের শূন্যপদ নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ১ম ও ২য় শ্রেণীর নিয়োগ কার্যক্রম পিএসসি'এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ পর্যন্ত বিগত সময়ে পিএসসি তে যেসকল কর্মকর্তার শূন্য পদের চাহিদা প্রেরণ করা হয়েছে তা আগামী ০৭ (সাত) | (ক) (i) মহাপরিচালক, (মবিঅ), মবিঅ-১ শাখা, প্রশাসন-১ শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | পিএসসিতে পত্র প্রেরণ করা হয়েছে।<br>মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব খাতের আওতায় প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া ৩য় ও ৪র্থ শ্রেনির ৬৪৫টি শূন্যপদে নিয়োগ সংক্রান্ত কমিটির ৩য় সভা ০৩ ডিসেম্বর ২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভায় সদস্যবৃন্দ কারিগরি কমিটির টেস্ট লিংক যাচাই বাছাই কমিটির মতামতসমূহ পর্যালোচনা করা হয়।<br>ডিপিসি কমিটি আলোচনাক্রমে ট্রেড প্রশিক্ষক (জেলা) পদের ইংরেজি নাম সংশোধন এবং কারিগরি শিক্ষা বোর্ডে সংশ্লিষ্ট ট্রেডসমূহে ডিপ্লোমা কোর্স চালু কিনা অথবা কোন কোর্সের সাথে সামঞ্জস্যপূর্ণ সে বিষয়ে মতামত গ্রহণের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কারিগরি শিক্ষা বোর্ডের মতামত পাওয়া গেলে চূড়ান্ত খসড়া বিজ্ঞপ্তি অনুমোদনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>৩য় ও ৪র্থ শ্রেনির ৬৪৫টি শূন্যপদে নিয়োগ সংক্রান্ত ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা রয়েছে।<br>**সভাকে অবহিত করা হয় যে, এ বিষয়ে মন্ত্রণালয়ে কার্যক্রম চলমান রয়েছে।** | দিনের মধ্যে প্রেরণ করতে হবে। সকল শূন্য পদে দ্রুত নিয়োগের ব্যবস্থা করতে হবে। | |
| | | (ক)(ii) মহিলা বিষয়ক অধিদপ্তরে ম্যাজিস্ট্রেট এর একটি পদ শূন্য রয়েছে। শূন্য পদের বিপরীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক)(ii) মহিলা বিষয়ক অধিদপ্তরে ম্যাজিস্ট্রেট এর শূন্য পদের বিপরীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক)(ii) মহাপরিচালক, (মবিঅ)। |
| | | (খ) সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ শিশু একাডেমির ৫০টি শূন্যপদে জনবল নিয়োগের জন্য নিয়োগ কমিটির সভা ২০.১০.২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। গত ১৪ ও ২২ নভেম্বর ২০২৫ তারিখে নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণ সম্পন্ন হয়েছে। ফলাফল বাংলাদেশ শিশু একাডেমির ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। মৌখিক পরীক্ষা চলমান রয়েছে।<br>এ বিষয়ে সময়সীমা নির্ধারণ করে দ্রুত কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | (খ) বাংলাদেশ শিশু একাডেমির শূন্যপদের নিয়োগ সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | (খ) মহাপরিচালক, বাশিএ। |
| | | (গ) জাতীয় মহিলা সংস্থার অফিস সহায়ক এর ১৬টি শূন্য পদে নতুন করে বিজ্ঞপ্তি দিয়ে জনবল নিয়োগ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। | (গ) জাতীয় মহিলা সংস্থার অফিস সহায়ক এর ১৬টি শূন্য পদে নতুন করে বিজ্ঞপ্তি দিয়ে জনবল নিয়োগ করতে হবে। | (গ) নির্বাহী পরিচালক (জামস)। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | (ঘ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের শূন্যপদে নিয়োগের বিষয়ে রাজস্বখাতে সৃজিত পদসমূহ দ্রুত পূরণের লক্ষ্যে নিয়োগবিধি চূড়ান্ত করণের বিষয়ে আলোচনা হয়।<br>‘ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা’ চূড়ান্তকরণের নথিটি ভেটিং-এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>সভাকে অবহিত করা হয় যে, নিয়োগবিধির ভেটিং সম্পন্ন না হওয়ায় শূণ্যপদে জনবল নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা সম্ভব হচ্ছে না।<br>এ বিষয়ে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ঘ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের শূন্যপদে নিয়োগের বিষয়ে রাজস্বখাতে সৃজিত পদসমূহ দ্রুত পূরণের লক্ষ্যে নিয়োগবিধি চূড়ান্ত করতে হবে এবং নতুন পদ সৃজনের ক্ষেত্রে পদের নাম উল্লেখ করতে হবে। | (ঘ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| ৭. | GPMS বাস্তবায়ন | GPMS-এ সূচকের লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ের উপর ২৮/০১/২০২৬ তারিখ কর্মশালার আয়োজন করা হয়। সভাপতি সকল কর্মকর্তাকে যথাসময়ে কর্মশালায় অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | GPMS-এ সূচকের লক্ষ্যমাত্রা ও অর্জন নিয়ে GPMS টিম লিডারকে নিয়মিত সভা আহবান ও মনিটরিং করতে হবে। | GPMS টিম লিডার, সকল কর্মকর্তা, মশিবিম। |
| ৮. | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত ডিসেম্বর/২০২৫ প্রতিবেদন ১৩/০১/২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ডিসেম্বর/২০২৫ মাসে-<br>• মন্ত্রণালয়ে ২২টি অভিযোগ পাওয়া গিয়েছে। নিষ্পত্তির হার ৭২.৭৩%।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরে ডিসেম্বর/২০২৫ মাসে মোট ১৬টি অভিযোগ পাওয়া গিয়েছে। মোট ১৬টি অভিযোগের মধ্যে ১টি নিষ্পত্তি হয়েছে। নিষ্পত্তির হার ৬.২৫%।<br>• জাতীয় মহিলা সংস্থা হতে কোন অভিযোগ পাওয়া যায়নি। | অনলাইন এবং অফলাইনের প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। গত ৬ মাসের বিভিন্ন ক্যাটাগরির অভিযোগের চিত্র মাননীয় উপদেষ্টাকে দেখাতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। |
| ৯. | ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন নির্মাণের জমি সংক্রান্ত | (ক)(i) সভাকে অবহিত করা হয়, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের ভবন নির্মাণের জন্য খাস জমি বরাদ্দের নিমিত্ত নাশিনিপ্র শাখা হতে ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ২২০ নং স্মারকে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>এ বিষয়ে কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত সার্বক্ষণিক ভূমি মন্ত্রণালয় এবং জেলা প্রশাসকের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভাপতি নির্দেশনা দেন।<br><br>(ক) (ii) সভাকে জানানো হয় যে, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ও ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীর কার্যক্রম পরিচালনার জন্য ৩-৫ বছরের চুক্তিতে আগারগাঁওয়ে অবস্থিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি | (ক) (i) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন নির্মাণের জমির বিষয়ে ভূমি মন্ত্রণালয় কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত জেলা প্রশাসন, ঢাকাকে সরবরাহ করতে হবে। এ বিষয়ে পুনরায় ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসক, ঢাকাকে পত্র প্রেরণ করতে হবে এবং সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br><br>(ক) (ii) জায়গা বরাদ্দ ও ভবন নির্মাণ সময় সাপেক্ষ বিধায় ৩-৫ বৎসরের জন্য চুক্তিতে বাড়ি ভাড়া করেও ডিএনএ অধিদপ্তর ও | (ক) (i) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা, মশিবিম।<br><br>(ক) (ii) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এবং নারী |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কমপ্লেক্সের এ ৫ম অথবা ৭ম তলায় ফ্লোর বরাদ্দ প্রদানের জন্য গত ২৯/১২/২০২৫ তারিখে ২৭০ নং স্মারকে সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়। | ন্যাশনাল ল্যাবরেটরীর কার্যক্রম চালানো যায়। খালি জায়গা খোঁজ করা এবং পাশাপাশি বাড়ি ভাড়া বা সরকারী ভবনে জায়গা বরাদ্দের বিষয়টির ক্ষেত্রেও যোগাযোগ করতে হবে। **(বাস্তবায়িত)** | ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা, মশিবিম। |
| | | (ক) (iii) আগামী ০২ (দুই) সপ্তাহের মধ্যে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জন্য মন্ত্রণালয়ে একটি পৃথক ম্যানেজমেন্ট/শাখা তৈরির বিষয়ে নির্দেশনা দেয়া হয়। | (ক) (iii) আগামী ০২ (দুই) সপ্তাহের মধ্যে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জন্য মন্ত্রণালয়ে একটি পৃথক ম্যানেজমেন্ট/শাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) (iii) প্রশাসন অধিশাখা, মশিবিম। |
| | | (খ) সভাকে অবহিত করা হয় যে, হিসাব শিরোনাম আংশিক পরিবর্তনের জন্য শাখা ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক পিএলসি, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় ১৫/১২/২০২৫ তারিখ ১৪১৬ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়। | (খ) ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীর নমুনা পরীক্ষার ফি জমা প্রদানের জন্য অগ্রণী ব্যাংক পিএলসি, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় চলতি হিসাব নং-০২০০০০০৯৭৯৯০৩-এর নাম কিছুটা পরিবর্তন করে শুধু 'ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইল' নামকরণ করতে হবে। **(বাস্তবায়িত)** | (খ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ও নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| ১০. | শিশু অধিদপ্তর গঠন | গত ০৯ অক্টোবর, ২০২৪ তারিখ বুধবার সকাল ১০:৩০ টা হতে দিনব্যাপী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের বিষয়ে মন্ত্রণালয় ও স্টেকহোল্ডারদের সমন্বয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। স্টেকহোল্ডারদের নিকট হতে শিশু অধিদপ্তর গঠনের প্রতিবেদন পাওয়া গিয়েছে। খসড়া প্রতিবেদন চুড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে।<br>গত ২৬/১১/২০২৪ তারিখে মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে ইতোমধ্যে UNICEF ও SANEM কর্তৃক প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনাসহ শিশু অধিদপ্তর গঠন সংক্রান্ত নথির প্রাসঙ্গিক দালিলিক তথ্য যাচাই বাছাই কার্যক্রম চলছে এবং শিশু অধিদপ্তরের কার্যক্রম কী হবে তা নির্ধারণের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের ১৮ বছরের কমবয়সী শিশুদের বিষয়ে যে ধরণের কার্যক্রম গ্রহণ করেছে তা সংযুক্ত ছকে তথ্য চাওয়া হয়েছে। তথ্য পাওয়ার পর যাচাই-বাছাইপূর্বক সংশ্লিষ্ট বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের উদ্দেশ্যে মাননীয় উপদেষ্টার সভাপতিত্বে সভা আহবান করা হবে। | শিশু অধিদপ্তর গঠনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য সভা আহবান করতে হবে এবং এ বিষয়ক কমিটি/কার্যক্রমে যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান)-কে অন্তর্ভূক্ত করতে হবে। | শিশু সুরক্ষা শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১. | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর (মধ্য ও দীর্ঘ মেয়াদি) সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২৩-এর (দীর্ঘমেয়াদি) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/ অনিষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি | (ক) **জেলা প্রশাসক সম্মেলন-২০২৪ এর**<br>• ২টি মধ্যমেয়াদি;<br>• ১টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্তের কার্যক্রম চলমান রয়েছে।<br>**জেলা প্রশাসক সম্মেলন-২০১৯-২০২৩ এর**<br>• ৩টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।<br>মন্ত্রিপরিষদ বিভাগের জেলাপ্রশাসক সম্মেলনের কার্যবিবরণীতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ১টি সিদ্ধান্ত বাস্তবায়িত ও ১টি সিদ্ধান্ত নিষ্পত্তি করা হয়েছে।<br>প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে।<br><br>গত ২৬/০১/২০২৬ তারিখ অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ-এঁর সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে জেলাপ্রশাসক সম্মেলন-২০২৬ এর কার্যপত্র তৈরি এবং জেলা প্রশাসক সম্মেলন-২০২৫-এর সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলাপ্রশাসক সম্মেলন ২০১৯-২০২৪-এ গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/অনষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সাংক্রান্ত একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় অত্র মন্ত্রণালয়ের মনোনীত দুই জন কর্মকর্তা যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) এবং সহকারী সচিব (সমন্বয় শাখা) উপস্থিত ছিলেন। জেলাপ্রশাসক সম্মেলন ২০১৯-২৪-এর মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি সিদ্ধান্তসমূহ এবং জেলাপ্রশাসক সম্মেলন ২০২৫-এর স্বল্পমেয়াদি ও মধ্যমেয়াদি সিদ্ধান্তসমূহের কার্যক্রম দীঘদিন ধরে চলমান রয়েছে বিধায় উক্ত সিদ্ধান্তসমূহের কার্যক্রম আগামী ০২(দুই) মাসের মধ্যে দুত বাস্তবায়ন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের কর্মশালায় মৌখিকভাবে নির্দেশনা দেয়া হয়। সে প্রেক্ষিতে, সিদ্ধান্তসমূহের কার্যক্রম দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের শিশু সুরক্ষা শাখা, মবিঅ-১, মবিঅ-২ শাখা, মহিলা বিষয়ক অধিদপ্তর ও বাংলাদেশ শিশু একাডেমি-এ পত্র প্রেরণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | (ক) জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর (মধ্য ও দীর্ঘ মেয়াদি) সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২৩-এর (দীর্ঘমেয়াদি) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/ অনিষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করতে হবে। | (ক) মহাপরিচালক, মবিঅ ও মহাপরিচালক, বাশিএ। |
| | | (খ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/একাডেমির সমন্বয়ে একটি সমন্বিত কেন্দ্রীয় প্রশিক্ষণ নীতিমালা তৈরি করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/ একাডেমির প্রতিনিধিদের সমন্বয়ে একটি সমন্বিত প্রশিক্ষণ নীতিমালা তৈরির উপর সভা করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন।<br>পরবর্তী সমন্বয় সভার পূর্বে সকল প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচি অত্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (খ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/একাডেমি প্রতিনিধিদের সমন্বয়ে সমন্বিত প্রশিক্ষণ নীতিমালার খসড়া তৈরির লক্ষ্যে সভা করতে হবে এবং উক্ত সভায় সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | (খ) অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>মহাপরিচালক (মবিঅ),<br>মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস),<br>ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)। |

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>(গ) (i) মন্ত্রণালয় দপ্তর/সংস্থা/একাডেমি ও বাহিরের জাতীয় পর্যায়ের প্রশিক্ষকদের সমন্বয়ে একটি খসড়া প্রশিক্ষণ নীতিমালা তৈরি করার লক্ষ্যে প্রশিক্ষণ সংক্রান্ত একটি কমিটি গঠন করার নির্দেশনা দেয়া হয়। প্রণীত সমন্বিত প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা/একাডেমি স্ব স্ব প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবে মর্মে সভায় আলোচনা হয়।<br>এ বিষয়ে আরো একটি সভা করে চূড়ান্ত করার জন্য ও আরও কোন কিছু যুক্ত করা যায় কিনা সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য সভাপতি নির্দেশনা দেন।<br><br>(গ) (ii) সভাকে অবহিত করা হয় যে, নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হবে।</td><td>(গ) (i) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/একাডেমি কর্তৃক পরিচালিত বর্তমান সকল প্রশিক্ষণ কর্মসূচী অত্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়কে অবহিত করতে হবে।<br><br>(গ) (ii) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/একাডেমির ইনহাউজ প্রশিক্ষণ কার্যক্রমের বিষয়বস্তুর সমন্বয়ে উক্ত গঠিত কমিটি কর্তৃক একটি খসড়া প্রশিক্ষণ নীতিমালা তৈরি করতে হবে।</td><td>(গ) (i) অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>মহাপরিচালক (মবিঅ),<br>মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস),<br>ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন<br><br>(গ) (ii) ঐ।</td></tr>
<tr><td>১২.</td><td>মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থার অনিষ্পন্ন (Pending) বিষয় সংক্রান্ত।</td><td>(ক) সচিবালয় নির্দেশাবলী-২০২৪ অনুযায়ী নিম্নোক্ত ছকে সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক প্রতিমাসের ১-৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব ও সমন্বয় শাখায় প্রেরণ করার জন্য সভাপতি মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা, দপ্তর/সংস্থা ও একাডেমিকে নির্দেশনা প্রদান করেন।<br>.............. মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণ
<table>
<tr><th rowspan="2">গত মাসের জের</th><th rowspan="2">আলোচ্য মাসে প্রাপ্তি</th><th rowspan="2">আলোচ্য মাসে নিষ্পত্তি</th><th colspan="4">মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশী নহে</th><th>দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে</th><th>এক মাসের অধিক</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
কোন অনিষ্পন্ন বিষয় থাকলে তার সঠিক তথ্য উল্লেখ করার এবং আরো বিস্তারিত তথ্য তুলে ধরার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>(খ) জয়িতা ফাউন্ডেশনের নবনির্মিত ভবনটির অবকাঠামো ও ফ্লোর প্ল্যান পুনর্গঠনের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে একটি আধা-সরকারি পত্র প্রেরণের বিষয়ে নথি উপস্থাপনের মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে।</td><td>(ক) সচিবালয় নির্দেশাবলী-২০২৪ এর নির্ধারিত ছক অনুযায়ী সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব বরাবর এবং অনুলিপি সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(খ) জয়িতা ফাউন্ডেশনের নবনির্মিত ভবনটির ভেতরের অবকাঠামো ও ফ্লোর প্ল্যান পুনর্গঠনের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে একটি আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে।</td><td>(ক) সকল কর্মকর্তা, (মশিবিম),<br>মহাপরিচালক (মবিঅ),<br>মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক, (জয়িতা ফাউন্ডেশন),<br>মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর।<br><br>(খ) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন ও মবিঅ-২ শাখা, মশিবিম।</td></tr>
</table>

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৩. | বিবিধ | (ক) তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে গত ০৮/০৭/২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক কর্মসম্পাদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে উদ্যোক্তাদের নিয়ে স্টল স্থাপনের মাধ্যমে উৎসব পালনের বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। | (ক) তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচি নির্ধারণ সংক্রান্ত। | (ক) প্রশাসন-১ শাখা, মশিবিম। |
| | | (খ) (i) প্রতিদিন মন্ত্রণালয়ের যে সকল কর্মকর্তা বিভিন্ন সভা, সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণ করেছেন তার তালিকা (নাম, স্থান, সভার টাইটেল) ইত্যাদি উল্লেখপূর্বক সিনিয়র সচিব বরাবর প্রতিবেদন দাখিলকরত: প্রশাসন-১ শাখায় অনুলিপি প্রেরণের বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। | (খ) (i) গত ০৩ (তিন) মাসে কে কোন সেমিনার/সভায় অংশগ্রহণ করেছেন তা অতি শীঘ্রই ছক আকারে সিনিয়র সচিব বরাবর দাখিল করতে হবে এবং প্রশাসন-১ শাখায় অনুলিপি প্রেরণ করতে হবে। | (খ) (i) সকল কর্মকর্তা, প্রশাসন-১ শাখা, মশিবিম |
| | | (খ) (ii) প্রতিদিন মন্ত্রণালয়ের যে সকল কর্মকর্তা বিভিন্ন সভা, সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণ করেন সে বিষয়ে ঐদিন বা পরবর্তী দিন সিনিয়র সচিব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে একটি রিপোর্ট হাতে হাতে দেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, মন্ত্রণালয়ের বাহিরে যেকোন সেমিনারে অংশগ্রহণ শেষে সেমিনারের আলোচ্য বিষয় ও তার কোন বক্তব্য থাকলে সে সম্পর্কে সিনিয়র সচিবকে অবহিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। | (খ) (ii) প্রতিদিন মন্ত্রণালয়ের যে সকল কর্মকর্তা বিভিন্ন সভা, সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণ করেন সে বিষয়ে ঐদিন বা পরবর্তীদিন সিনিয়র সচিব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে একটি রিপোর্ট হাতে হাতে দিতে হবে এবং সেমিনারে অংশগ্রহণ শেষে সেমিনারের আলোচ্য বিষয় ও তার কোন বক্তব্য থাকলে সে সম্পর্কে সিনিয়র সচিবকে অবহিত করতে হবে। | (খ) (ii) বিভিন্ন সভা, সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তা, প্রশাসন-১ শাখা, মশিবিম । |
| | | (খ) (iii) সভাকে অবহিত করা হয় যে, বিগত সময়ে যে সকল কর্মকর্তা বিদেশ ভ্রমণ করেছেন (এই মন্ত্রণালয়ে যোগদান থেকে এ পর্যন্ত) সেই সংক্রান্ত বিবরণী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যুগ্মসচিব (প্রশাসন) বরাবর দাখিল করেছেন বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়। | (খ) (iii) বিগত সময়ে যে সকল কর্মকর্তা বিদেশ ভ্রমণ করেছেন (এই মন্ত্রণালয়ে যোগদান থেকে এ পর্যন্ত) সেই সংক্রান্ত বিবরণী সংশ্লিষ্ট কর্মকর্তা ০১ (এক) কার্যদিবসের মধ্যে যুগ্মসচিব (প্রশাসন) বরাবর দাখিল করবেন। **(বাস্তবায়িত)** | (খ) (iii) সকল কর্মকর্তা, উপসচিব প্রশিক্ষণ অধিশাখা, মশিবিম |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (খ) (iv) সভায় সময় সল্পতার কারণে, ভ্রমণ সংক্রান্ত বক্তব্য উপস্থাপন সম্ভব হয়নি তবে পরবর্তী মাস থেকে প্রতিমাসে ০১ জন কর্মকর্তা দেশের বাহিরে ভ্রমণ সংক্রান্ত ০৫ (পাঁচ) মিনিটে তার অভিজ্ঞতা উপস্থাপন করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (খ) (iv) যে সকল কর্মকর্তা দেশের বাহিরে ভ্রমণ করেছেন তাঁদের ০১ জন করে প্রতিমাসে ০৫ (পাঁচ) মিনিট তার অভিজ্ঞতা প্রদান করবেন। | (খ) (iv) সকল কর্মকর্তা, উপসচিব প্রশিক্ষণ অধিশাখা, মশিবিম। |
| | | (গ) আগামী সভায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মোট প্রকল্প সংখ্যা, প্রকল্পসমূহের নাম, প্রকল্প পরিচালকদের নাম ও কার্যকাল ইত্যাদির বর্ণনা সকলের জ্ঞাতার্থে সভায় উপস্থাপন করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। | (গ) আগামী সভায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মোট প্রকল্প সংখ্যা, প্রকল্পসমূহের নাম, প্রকল্প পরিচালকদের নাম ও কার্যকাল ইত্যাদির বর্ণনা সকলের জ্ঞাতার্থে সভায় উপস্থাপন করবেন। | (গ) যুগ্মসচিব, (পরিকল্পনা ও পরিসংখ্যান অধিশাখা), মশিবিম। |
| | | (ঘ) মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের কার্যক্রম রাজস্ব বাজেটের আওতায় পরিচালনার জন্য জনবলের পদ সৃজনের কার্যক্রম দ্রুত সম্পাদনের জন্য আলোচনা হয়। অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) জানান, ২০২৩ সালে প্রকল্প অফিস থেকে প্রস্তাব প্রেরণ করা হয় কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী সঠিকভাবে প্রস্তাব প্রেরণ করা হয়না বিধায় বার বার ফেরৎ দেওয়া হয়। এ বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর দ্রুত সঠিকভাবে প্রস্তাব প্রেরণ করা হবে মর্মে জানান। | (ঘ) “২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের পদ সৃজনের কার্যক্রম দ্রুত সম্পাদনের লক্ষ্যে জনপ্রশাসনের চেকলিস্ট অনুযায়ী সঠিকভাবে প্রস্তাব প্রেরণ করতে হবে। | (ঘ) মহাপরিচালক, মবিঅ, প্রকল্প পরিচালক, ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র, মবিঅ-২ শাখা, মশিবিম। |
| | | (ঙ) আগামী মাসিক সভার পূর্বে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে তাঁর নিজ নিজ শাখা/অধিশাখা পরিদর্শন করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।<br>ডিসেম্বর-২০২৫ মাসে যে সকল কর্মকর্তা ঢাকাসহ বিভিন্ন জেলায় দর্শন-পরিদর্শন করেছেন সেই রিপোর্ট (পূর্ণাঙ্গ) যুগ্মসচিব (প্রশাসন) বরাবর প্রদান করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>সভাকে অবহিত করা হয় যে, সচিবালয় নির্দেশমালা-২০২৪ মোতাবেক মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা নির্দিষ্ট সময় অন্তর শাখা/অধিশাখা পরিদর্শন করা হচ্ছে ঢাকার বাহিরেও পরিদর্শন অব্যাহত রয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়। | (ঙ) আগামী মাসিক সভার পূর্বে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে তাঁর নিজ নিজ শাখা/অধিশাখা পরিদর্শন করতে হবে এবং ডিসেম্বর-২০২৫ মাসে যে সকল কর্মকর্তা ঢাকাসহ বিভিন্ন জেলায় দর্শন-পরিদর্শন করেছেন সেই রিপোর্ট (পূর্ণাঙ্গ) যুগ্মসচিব (প্রশাসন) বরাবর প্রদান করতে হবে।<br>**(বাস্তবায়িত)** | (ঙ) সকল কর্মকর্তা, মশিবিম |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | (চ) মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের গাজীপুরের ভবনটি কর্মজীবী নারী হোস্টেল হিসেবে ব্যবহার করা হচ্ছে এবং এই হোস্টেলের আয় থেকে ব্যয় নির্বাহ করা হচ্ছে।<br>এ বিষয়ে তথ্য সম্বলিত প্রতিবেদন সিনিয়র সচিব বরাবর প্রেরণ করা হয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়। | (চ) গাজীপুর ও শেরপুর জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিত্যাক্ত ভবনগুলো কখন নির্মাণ করা হয়েছিল এবং ভবনগুলো কেন ব্যবহার করা হচ্ছে না তার তথ্য সংগ্রহপূর্বক সিনিয়র সচিবকে অবহিতকরণ ও ভবন সংক্রান্ত বিষয়ে আলাদা সভা করতে হবে। **(বাস্তবায়িত)** | (চ) মহাপরিচালক, মবিঅ, সংশ্লিষ্ট শাখা, মশবিমি। |
| | | (ছ) বিভিন্ন হোস্টেলে কর্মজীবী নারীর পাশাপাশি ছাত্রী ভর্তি নেয়ার নির্দেশনার প্রেক্ষিতে সভাকে অবহিত করা হয় যে, নির্দেশনা মোতাবেক মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত আশুলিয়া কর্মজীবী মহিলা হোস্টেলে কর্মজীবী নারীর পাশাপাশি ছাত্রী ভর্তি করার বিষয়ে সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>অধিদপ্তর কর্তৃক পরিচালিত রাজস্ব খাতভূক্ত তিন (০৩টি) হোস্টেল (নীলক্ষেত/মিরপুর/খিলগাঁও) এ শূন্য সিটের বিপরীতে কয়েকগুণ বেশি আবেদন পাওয়া যায়। আবেদন অনুযায়ী কর্মজীবী নারীদের সিটের চাহিদা পূরণ করা সম্ভব হয় না। ছাত্রী ভর্তির বিষয়ে "হোস্টেল পরিচালনা নীতিমালা-২০২৫" (সংশোধিত) এর খসড়া অনুমোদনের নিমিত্ত যাচাই-বাছাই, সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের সুপিারিশ প্রণয়নের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের ২২ এপিল ২০২৫ ইং তারিখের ১২২ নং স্মারকের মাধ্যমে অতিরিক্ত সচিব (কার্যক্রম) এর সভাপতিত্বে ০৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।<br>সভাপতি এ বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরকে এসেসমেন্ট করে নীতিমালা সংশোধনের কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা দেন। | (ছ) কেবলমাত্র আশুলিয়া কর্মজীবী মহিলা হোস্টেলে কর্মজীবী নারীর পাশাপাশি ছাত্রী ভর্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর পৃথক সভা করে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ছ) মহাপরিচালক (মবিঅ), নির্বাহী পরিচালক (জামস), মবিঅ-২ শাখা, মশিবিম। |
| | | (জ) দপ্তর/সংস্থা/একাডেমির কোন কর্মকর্তা/কর্মচারী মন্ত্রণালয়ে সংযুক্ত হলে বা মন্ত্রণালয় থেকে অন্যত্র বদলী হলে যথাযথ কর্তৃপক্ষকে অবগত করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। এছাড়াও, কোন কর্মকর্তা বদলি হলে তার দায়িত্বে থাকা নথিগুলো পরবর্তী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবগত করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। | (জ) দপ্তর/সংস্থা/একাডেমির কোন কর্মকর্তা/কর্মচারী মন্ত্রণালয়ে সংযুক্ত হলে বা মন্ত্রণালয় থেকে অন্যত্র বদলী হলে যথাযথ কর্তৃপক্ষকে অবগত করতে হবে। এছাড়াও, কোন কর্মকর্তা বদলি হলে তার দায়িত্বে | (জ) সকল কর্মকর্তা, (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | থাকা নথিগুলো পরবর্তী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবগত করতে হবে। | পরিচালক, (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর। |

১৪। যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) সভাকে অবহিত করেন যে, ডিসেম্বর/২০২৫ মাসের কার্যবিবরণী অনুযায়ী ০৫টি সিদ্ধান্ত বাস্তবায়িত এবং ৩০টি আংশিক বাস্তবায়িত হয়েছে।

১৫। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০৩/০২/২০২৬
(মমতাজ আহমেদ, এনডিসি)
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৪২.০৬.০০১.২৬ .২৫

তারিখ: ২২ মাঘ ১৪৩২
০৫ ফেব্রুয়ারি ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা ।
৪. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
৫. যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৬. নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৭. মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
৮. উপসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্ড এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১২. সহকারী সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. লাইব্রেরিয়ান, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫.০২.২০২৬
(আফরোজা বেগম)
সহকারী সচিব (সমন্বয় শাখা)
ফোন ঃ ৫৫১০০২৪১
ইমেইল: sasadmn2@gmail.com

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।